



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৬৫২/নতুন/ঢাকা/ ৬ (৮৬)

তারিখ : ৭/১/২০১৯

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৩/০৪/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০৩.১৭-১১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০২১ তারিখ পর্যন্ত মোট ৩ (তিনি) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- ১। প্রাথমিক অনুমতিকে কোনওভাবেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। এ পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৪। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ৫। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ৭। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৮। প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১০। আগস্ট মাসের মধ্যে বোর্ডের প্রামাণ্যক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কন্টেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১১। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথ্য জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ

প্রফেসর প্রীতিশ কুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ
সারোজ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ
মিরপুর, ঢাকা।

মেমো নং- ৬ (৮৬) (৭)

তারিখ : ৭/১/২০১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, পরিচালনা কমিটি, সারোজ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ।
- ৯। অফিস কপি।

৩৭৮৬
০৮/০৮/১৯
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

৩৭৮৬
০৮/০৮/১৯